



## পরীক্ষণের নকশা (Experimental Design)

### ভূমিকা:

কোন কোন ক্ষেত্রে গবেষণাকারী তথ্য সংগ্রহ বা কোন প্রশ্নের উত্তরের জন্য যে পরীক্ষা পরিচালনা করে থাকেন সেটাই পরীক্ষণ। যেমন, ধরা যাক কৃষি ক্ষেত্রে কয়েক প্রকার সারের কার্যকারিতা যাচাই করতে হবে অর্থাৎ কোন সারটা বেশী উপযোগী এবং বিভিন্ন সারের প্রভাবের মধ্যে পার্থক্য কেমন ইত্যাদি যাচাই করতে হবে। এ জাতীয় যাচাই এর ক্ষেত্রে তথ্য সংগ্রহের জন্য পরীক্ষণের নকশার মাধ্যমে সংগৃহীত তথ্যের ভেদাংক থাকে। এ ভেদাংক বিভিন্ন কারণে হয়ে থাকে। তথ্যের মোট ভেদাংককে তথ্যের শ্রেণীবিন্যাস অনুসারে কয়েকভাগে ভাগ করে বিশ্লেষণ করাকে ভেদাংক বিশ্লেষণ বলে। পরীক্ষণের নকশা এবং ভেদাংক বিশ্লেষণ অঙ্গাঙ্গিভাবে জড়িত। আর, এ, ফিশার প্রথমে এ পদ্ধতি কৃষিক্ষেত্রে ব্যবহার করেন বর্তমান অন্যান্য ক্ষেত্রেও এর ব্যাপক ব্যবহার হয়ে থাকে। এ ইউনিটের বিভিন্ন পাঠে পরীক্ষণের নকশা সংক্রান্ত বিভিন্ন সংজ্ঞা, বিভিন্ন প্রকার পরীক্ষণের নকশা সম্পর্কে আলোচনা করা হয়েছে।

### উদ্দেশ্য

এ ইউনিট শেষে আপনি বলতে পারবেন-

পরীক্ষণের নকশা সম্পর্কিত বিভিন্ন সংজ্ঞা

- সম্পূর্ণ দৈবায়িত নকশা
- দৈবায়িত ব্লক নকশা
- লাতিন বর্গ নকশা

পাঠ-১১.১

পরীক্ষণের নকশা সম্পর্কিত বিভিন্ন সংজ্ঞা

(Definations Related to Experimental Design)

**ভূমিকা:**

পরীক্ষণের নকশা পরিসংখ্যান বিষয়ের একটি গুরুত্বপূর্ণ অংশ।

এ পাঠে পরীক্ষণের নকশা সম্পর্কিত বিভিন্ন সংজ্ঞা আলোচনা করা হল।



**উদ্দেশ্য**

এ পাঠ শেষে আপনি

- চর্যা, পরীক্ষণের একক, ব্লক, উৎপাদন এবং পরীক্ষণের ত্রুটি সম্বন্ধে ব্যাখ্যা করতে পারবেন।
- পরীক্ষণের নকশার মূলনীতি সমূহ বলতে পারবেন।
- পরীক্ষণের নকশার প্রাথমিক পরিকল্পনা সম্পর্কে বলতে পারবেন।



**চর্যা (Treatment)**

কোন পরীক্ষণের যে জিনিসের প্রভাব পরিমাপ করে তুলনামূলক যাচাই করা হয় তাকে চর্যা বলে। যেমন বিভিন্ন প্রকার সার, বিভিন্ন ধরণের ফসল, বিভিন্ন জাতের পশু, বিভিন্ন প্রকার ঔষধ ইত্যাদি।

**পরীক্ষণের একক (Expermental Unit) :**

যে ক্ষেত্রের উপর পরীক্ষণের চর্যাগুলোর প্রভাব পরিমাপের জন্য প্রয়োগ করা হয় ঐ ক্ষেত্রগুলিকে পরীক্ষণের একক বলে। যেমন-বিভিন্ন জাতের ধানের পরীক্ষণের জন্য জমির খন্ড, ঔষধের প্রকার পরীক্ষণের জন্য রোগী ইত্যাদি পরীক্ষণের একক।

**ব্লক (Block) :**

একই গুণ সম্পন্ন কতগুলি পরীক্ষণের একক একত্রে ব্লক তৈরী করে। যেমন- কোন কৃষি পরীক্ষণের একই উর্বরতা সম্পন্ন কতগুলি জমির খন্ড বা প্লট একসাথে করে ব্লক তৈরী করা যায়।

**উৎপাদন (Yield) :**

পরীক্ষণের এককের উপর চর্যা প্রয়োগ করলে চর্যার এবং পরীক্ষণের এককের প্রভাবে যে ফলাফল বা প্রতিক্রিয়া হয় তাকে উৎপাদন বলে। যেমন- ধান চাষের পরীক্ষণে প্রতি প্লটে ধানের ফলনকে ঐ প্লটের উৎপাদন বলে।

## পরীক্ষণের ত্রুটি (Experimental Error) :

শুধুমাত্র চর্যা ও পরীক্ষণের একক দ্বারাই পরীক্ষণের ফলাফল প্রভাবিত হয় না। কিছু অনিয়ন্ত্রিত উৎস দ্বারাও পরীক্ষণের ফলাফল সামান্য প্রভাবিত হতে পারে। এই অনিয়ন্ত্রিত উৎস সমূহের কারণে যে ত্রুটির উদ্ভব হয় তাকে পরীক্ষণের ত্রুটি বলে। এ ত্রুটির কারণে চর্যার প্রভাব ক্ষতিগ্রস্ত হয়। পরীক্ষণের ত্রুটি যত কম হবে পরীক্ষণের ফলাফল তত সঠিক হবে। উদাহরণস্বরূপ, সমগুণ সম্পন্ন কয়েকটি প্লটে একই জাতের ধানের চাষ করলে দেখা যাচ্ছে বিভিন্ন কারণে (যেমন- পোকামাকড় দ্বারা ক্ষতিগ্রস্ত, পানির তারতম্য ইত্যাদি) ধানের উৎপাদন প্রতিটি প্লটে সমান হয়নি।

## পরীক্ষণের নকশার মূলনীতি (Principles of Experimental design) :

পরীক্ষণের নকশা তিনটি মূলনীতির উপর ভিত্তি করে সম্পন্ন করা হয়। নীতি হল-

- i) দৈবায়িতকরণ (Randomisation)
- ii) পূণরায়ণ (Replicaiton)
- iii) স্থানীয় নিয়ন্ত্রণ (Local Control)

### দৈবায়িতকরণ:

পরীক্ষণ যাতে করে নিরপেক্ষ হয় সে জন্য ভিন্ন ভিন্ন চর্যা দৈব পদ্ধতিতে বিভিন্ন পরীক্ষণের একক বা প্লটের উপর প্রয়োগ করাকে দৈবায়িতকরণ বলে। এক্ষেত্রে যে কোন প্লটে যে কোন চর্যা প্রয়োগ করার সম্ভাবনা সমান। এক্ষেত্রে সংগৃহীত তথ্য নিরপেক্ষ হয় এবং পরিসংখ্যানিক যাচাই যথার্থ হয়।

### পূণরায়নঃ

কোন চর্যা পরীক্ষণের এককের উপর একের অধিকবার প্রয়োগ করাকে পূণরায়ন বলে। কোন চর্যাকে যত এককে প্রয়োগ করা হয় ততই হবে ঐ চর্যার পূণরায়নের সংখ্যা। কোন চর্যাকে  $\gamma$  এককে প্রয়োগ করলে ঐ চর্যার পূণরায়নের সংখ্যা হবে  $\gamma$ । পূণরায়ন করেই পরীক্ষণের ত্রুটির পরিমাপ করা যায় এবং চর্যার সঠিক প্রভাব নিরূপণ করা যায়।

### স্থানীয় নিয়ন্ত্রণঃ

স্থানীয় নিয়ন্ত্রণের মাধ্যমে পরীক্ষণের ত্রুটি কমান যায় এবং পরীক্ষণের কার্যকারিতার যথার্থতা বৃদ্ধি করে। সমগুণ সম্পন্ন পরীক্ষণের এককসমূহ বা প্লট সমূহকে সমমাত্রিক দলে বা ব্লকে ভাগ করাকে স্থানীয় নিয়ন্ত্রণ বলে। যেমন- কৃষিক্ষেত্রে একই উর্বরাশক্তি সম্পন্ন প্লটসমূহকে একটা ব্লকে ভাগ করে নেয়া হয় যাতে করে ঐ ব্লকে সব কয়টি চর্যা প্রয়োগ করা যায়।



সত্য/মিথ্যা নির্ণয়ঃ

- ৫। পরীক্ষনের নকশা ও ভেদাংক বিশ্লেষণ অঙ্গাঙ্গিভাবে জড়িত।  
 ৬। যে ক্ষেত্রের উপর চর্যার প্রভাব পরিমাপ করা হয় তাকে পরীক্ষনের একক বলে।

শূণ্যস্থান পূরণ :

- ৭। একই গুণ সম্পন্ন কতকগুলো পরীক্ষন একককে ----- বলে।  
 ৮। পরীক্ষন এককের উপর চর্যা প্রয়োগ করলে চর্যার এবং পরীক্ষনের এককের প্রভাবে যে ফলাফল বা প্রতিক্রিয়া উৎপন্ন হয় তাকে ----- বলে।

বাক্য মিলানো :

|                                                   |                                                |
|---------------------------------------------------|------------------------------------------------|
| ৯। কোন পরীক্ষনের যে জিনিসের প্রভাব পরিমাপ করা হয় | ক) ফলাফল তত সঠিক হবে।                          |
| ১০। পরীক্ষনের ত্রুটি যত কম হবে পরীক্ষনের          | খ) পুনরায়ন, দৈবায়িত করন, স্থানীয় নিয়ন্ত্রন |
| ১১। পরীক্ষন এককের মূলনীতি গুলো হল                 | গ) তাকে চর্যা বলে।                             |

## পাঠ-১১.২ সম্পূর্ণ দৈবায়িত নকশা (Completely Randomised Design)

### ভূমিকা:

পরীক্ষনের নকশা বিভিন্ন ধরনের হয়। যদি পরীক্ষনের এককগুলো সমমাত্রিক ও সমগুণসম্পন্ন হয় সেই ক্ষেত্রে দৈবায়িত নকশা বিবেচনা হয়। এ পাঠে সম্পূর্ণ দৈবায়িত নকশা আলোচনা করা হল:



### উদ্দেশ্য

এই পাঠ শেষে আপনি

- সম্পূর্ণ দৈবায়িত নকশা সম্পর্কে বলতে পারবেন।
- সম্পূর্ণ দৈবায়িত নকশার মডেল সম্পর্কে লিখতে পারবেন।
- সম্পূর্ণ দৈবায়িত নকশা থেকে প্রাপ্ত তথ্যসমূহ বিশ্লেষণ করে চর্যাগুলোর যাচাই ও তুলনা করতে পারবেন।



### সম্পূর্ণ দৈবায়িত নকশা (Completely Randomised Design):

সম্পূর্ণ দৈবায়িত নকশা যে কোন নকশার চেয়ে সহজ। এক্ষেত্রে পরীক্ষনের নকশার নীতিসমূহের মধ্যে দৈবায়িতকরণ ও পূর্ণরায়ন নীতি অনুসরণ করা হয়। এ নকশায় ব্যবহৃত পরীক্ষনের এককগুলি সমগুণ সম্পন্ন ও সমমাত্রিক হয়। এ কারণে স্থানীয় নিয়ন্ত্রণ নীতি এখানে অনুসরণ করা হয় না। চর্যাগুলিকে সম্পূর্ণ দৈবায়িত পদ্ধতিতে পরীক্ষনের এককসমূহের উপর প্রয়োগ করতে হয়। চর্যার সংখ্যা এবং চর্যার পূর্ণরায়নের উপর নির্ভর করে পরীক্ষনের একক ঠিক রাখা হয়।

সুতরাং পরীক্ষনের এককসমূহের উপর চর্যাগুলিকে সম্পূর্ণ দৈবায়িত পদ্ধতিতে পূর্ণরায়নের মাধ্যমে প্রয়োগ করে যে নকশা পাওয়া যায় তাকে সম্পূর্ণ দৈবায়িত নকশা বলে। উদাহরণস্বরূপ, একই উর্বরতা এবং একই সাইজের কয়েক খন্ড জমিতে কয়েক জাতের গমের উপযোগিতা যাচাই করতে হলে বিভিন্ন জাতের জমির খন্ডে বপন করলে যে নকশা পাওয়া যায় সেটাই সম্পূর্ণ দৈবায়িত নকশা। এখানে চর্যা হল কয়েক জাতের গমের বীজ, জমির খন্ড হল পরীক্ষনের একক বা প্লট।

ধরা যাক ৪টি চর্যা(চার জাতের গমের বীজ)  $t_1, t_2, t_3, t_4$ , যথাক্রমে ৬ বার, ৫বার, ৪ বার এবং ৫ বার পূর্ণরায়ন করে সমগুণ সম্পন্ন ও সমান সাইজের ২০টি প্লটে বপন করতে হবে। প্লটগুলিকে ১, ২, ৩, ..... ২০ নম্বর দ্বারা চিহ্নিত করে কোন দৈব সংখ্যা সারণীর সাহায্যে চর্যাগুলিকে দৈবায়িত উপায়ে বিভিন্ন প্লটে প্রয়োগ করতে হবে। এক্ষেত্রে সম্পূর্ণ দৈবায়িত মাঠ নকশা নিম্নরূপঃ

|                |                |                |                |                |
|----------------|----------------|----------------|----------------|----------------|
| ১              | ২              | ৩              | ৪              | ৫              |
| t <sub>১</sub> | t <sub>৪</sub> | t <sub>৪</sub> | t <sub>১</sub> | t <sub>৩</sub> |
| ৬              | ৭              | ৮              | ৯              | ১০             |
| t <sub>৩</sub> | t <sub>২</sub> | t <sub>১</sub> | t <sub>৪</sub> | t <sub>২</sub> |
| ১১             | ১২             | ১৩             | ১৪             | ১৫             |
| t <sub>২</sub> | t <sub>১</sub> | t <sub>৩</sub> | t <sub>২</sub> | t <sub>১</sub> |
| ১৬             | ১৭             | ১৮             | ১৯             | ২০             |
| t <sub>৪</sub> | t <sub>৪</sub> | t <sub>২</sub> | t <sub>১</sub> | t <sub>৩</sub> |

এখানে ৪ জাতের চর্যা (গমের বীজের) প্রভাবের মধ্যে পার্থক্য আছে কিনা অথবা কোন জাতের গম বেশী ভাল যাচাই করতে হবে। এক্ষেত্রে মাঠ নকশা তৈরী করার পর বিভিন্ন জাতের গম বপন করে যথাযথ পরিচর্যা করতে হবে। গম পাকলে প্রতি প্লটে গমের উৎপাদন সংগ্রহ করে নথিভুক্ত করে বিভিন্ন জাত অনুযায়ী নিম্নের সারণীতে প্রকাশ করা হল।

|                 |                 |                 |                 |
|-----------------|-----------------|-----------------|-----------------|
| t <sub>১</sub>  | t <sub>২</sub>  | t <sub>৩</sub>  | t <sub>৪</sub>  |
| y <sub>১১</sub> | y <sub>২১</sub> | y <sub>৩১</sub> | y <sub>৪১</sub> |
| y <sub>১২</sub> | y <sub>২২</sub> | y <sub>৩২</sub> | y <sub>৪২</sub> |
| y <sub>১৩</sub> | y <sub>২৩</sub> | y <sub>৩৩</sub> | y <sub>৪৩</sub> |
| y <sub>১৪</sub> | y <sub>২৪</sub> | y <sub>৩৪</sub> | y <sub>৪৪</sub> |
| y <sub>১৫</sub> | y <sub>২৫</sub> | y <sub>৩৫</sub> | y <sub>৪৫</sub> |

$y_{ij}$  হল  $i$  তম চর্যার  $j$  তম পূরণায়ন উৎপাদন। প্লটসমূহ সমগুণ সম্পন্ন ও সমমাত্রিক হওয়ার কারণে গমের উৎপাদনের উপর প্লটের কোন প্রভাব নেই। গমের বা চর্যার জাতের বিভিন্নতার কারণে বিভিন্ন প্লটে এদের উৎপাদনও বিভিন্ন হবে।

সম্পূর্ণ দৈবায়িত নকশার মডেলঃ

সম্পূর্ণ দৈবায়িত নকশা থেকে প্রাপ্ত উপাত্ত নিম্নলিখিত মডেলের সাহায্যে প্রকাশ করা হয়-

$$y_{ij} = \mu + \alpha_i + e_{ij} \quad (i = 1, 2, \dots, t, j = 1, 2, \dots, n_i)$$

এখানে  $y_{ij}$  =  $i$  তম চর্যার  $j$  তম প্লটে উৎপাদন

$\mu$  = সাধারণ গড়

$\alpha_i$  =  $i$ -তম চর্যার প্রভাব

$e_{ij}$  = দৈব ত্রুটি।

$\mu$  এবং  $\alpha_i$  এর মান নির্ণয় করতে নিম্নের অনুমান ধরে নিতে হয়।

- i) দৈব ক্রটিগুলি পরিমিত বিন্যাস অনুসরণ করে যার গড় শূন্য এবং ভেদাংক  $\sigma^2$
- ii) চর্যাগুলো পরস্পর স্বাধীন ও এদের প্রভাবগুলো যোগসূত্র মেনে চলে।

ন্যূনতম বর্গ পদ্ধতির (Least square method) সাহায্যে এর নিরূপিত মান নির্ণয় করা যায় এবং এ পদ্ধতিতে ক্রটির বিচ্যুতির বর্গসমষ্টি ন্যূনতম।

$$\text{অর্থাৎ } L = \sum_i \sum_j e_{ij}^2 = \sum_i \sum_j \text{Error}^2 = \text{ন্যূনতম}$$

এখন **Error!**

$$\text{বা, } \sum_i \sum_j Y_{ij} = N\mu + \sum_i n_i \alpha_i \dots \dots \dots (i)$$

আবার, **Error!**

$$\text{বা, } \sum_i y_i = \sum_i (n_i \mu + n_i \alpha_i) = 0 \dots \dots \dots (ii)$$

সমীকরণ (i) এবং (ii) থেকে  $\sum \alpha_i = 0$  শর্তে  $\mu$  এবং  $\alpha_i$  এর নিরূপিত মান  $\mu$  এবং  $\alpha_i$  পাওয়া যাবে।

$$\text{সমীকরণ (i) থেকে } \mu = \frac{\sum \sum y_{ij}}{N} = y_{..}$$

$$\text{সমীকরণ (ii) থেকে } \alpha_i = \sum_j \frac{y_{ij}}{n_i} - \mu = y_{i.} - y_{..}$$

### ভেদাংক বিশ্লেষণঃ

সর্বমোট বর্গ সমষ্টিকে নিম্নলিখিত ভাগে ভাগ করা যায়।

$$\begin{aligned} \sum \sum (y_{ij} - \bar{y}_{..})^2 &= \sum_i \sum_j \text{Error}^2 \\ &= \sum_i \sum_j (y_{ij} - y_{..})^2 + \sum_i n_i (y_{i.} - y_{..})^2 \\ \text{যেহেতু } \sum_i n_i (y_{i.} - \bar{y}_{..}) &= 0 \end{aligned}$$

সূত্রাং মোট বর্গ সমষ্টি = চর্যাজনিত বর্গ সমষ্টি + বিচ্যুতির বর্গ সমষ্টি।

$$\text{মোট বর্গ সমষ্টি, } SST = \sum_i \sum_j (y_{ij} - y_{..})^2 = \sum_i \sum_j y_{ij}^2 - \frac{(\sum \sum y_{ij})^2}{N}$$

$$\text{চর্যাজনিত বর্গ সমষ্টি } SSTr = \sum_i n_i (y_{i.} - y_{..})^2 = \sum_i \frac{y_{i.}^2}{n_i} - \frac{(\sum \sum y_{ij})^2}{N}$$

এবং বিচ্যুতির বর্গ সমষ্টি = মোট বর্গ সমষ্টি - চর্যাজনিত বর্গ সমষ্টি।

$$SSE = SST - SSTr$$

নাস্তি কল্পনা  $H_0: \alpha_1 = \alpha_2 = \dots \dots \dots \alpha_t$



## ভেদাংক বিশ্লেষণ সারণী

| উৎস      | স্বাধীনতা মাত্রা | বর্গ সমষ্টি | গড় বর্গ সমষ্টি    | F                 |
|----------|------------------|-------------|--------------------|-------------------|
| চর্যা    | t-১              | SSTr        | $S_1 = SSTr/(t-1)$ | $\frac{S_1}{S_2}$ |
| বিচ্যুতি | N-t              | SSE         | $S_2 = SSE/(N-t)$  |                   |
| মোট      | N-১              | SST         |                    |                   |

যদি F এর নির্ণেয় মান  $\alpha = 0.05$  বা  $\alpha = 0.01$  যথার্থতা মাত্রার এবং t-১ ও N-১ স্বাধীনতার মাত্রার সারণীকৃত F এর চেয়ে বড় হয় তবে নাস্তি কল্পনা বর্জন হবে অন্যথায় গৃহীত হবে। যদি নাস্তি কল্পনা বাতিল হয় তবে মনে করতে হবে কমপক্ষে যে কোন দুটি চর্যার মধ্যে অসমতা আছে।

মনে করি i-তম এবং i' তম চর্যার যাচাই করতে হবে। এক্ষেত্রে নাস্তি কল্পনা

$$H_0 : \alpha_i = \alpha_{i'}; i' = 1, 2, \dots, t$$

বিকল্প কল্পনা :  $H_1 : \alpha_i \neq \alpha_{i'}$

$$\text{যাচাই স্ট্যাটিস্টিক } t = \frac{(i - i')}{\sqrt{S_2 \left( \frac{1}{n_i} + \frac{1}{n_{i'}} \right)}}$$

এটি (N-t) স্বাধীনতার মাত্রা বিশিষ্ট চলক। এখানে  $\alpha_i$  ও  $\alpha_{i'}$  এবং  $n_i$  ও  $n_{i'}$  যথাক্রমে i -তম এবং i'-তম চর্যার গড় এবং পূর্ণরায়ন সংখ্যা।

সমস্যা - ১ :

বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত একটি গবেষণায় চার জাতের গম (A, B, C, D) উৎপাদন ক্ষমতা যাচাই এর জন্য সম্পূর্ণ দৈবায়িত নকশা ব্যবহার করে নিম্নলিখিত তথ্য পাওয়া গেল। বিভিন্ন জাতের গমের মধ্যে পার্থক্য আছে কিনা যাচাই করুন। জাত A এবং B এর মধ্যে পার্থক্য যাচাই করুন।

| A  | B  | C  | D  |
|----|----|----|----|
| ১২ | ১৮ | ১৭ | ২১ |
| ১৪ | ২০ | ১৫ | ২৩ |
| ১১ | ২১ | ১৪ | ২২ |
| ১৫ | ২৪ | ২০ | ২৫ |
| ১৩ | ১৬ |    | ২৭ |

এইচ এস সি

|           |           |           |           |
|-----------|-----------|-----------|-----------|
| ১৭        |           |           |           |
| ৮২        | ৯৯        | ৬৬        | ১১৮       |
| = $y_1$ . | = $y_2$ . | = $y_3$ . | = $y_4$ . |

সমাধান : সর্বমোট বর্গ সমষ্টি (TSS) =  $\sum_i \sum_j y_{ij}^2 - \frac{(\sum \sum y_{ij})^2}{N}$

$$= 12^2 + 18^2 + \dots + 22^2 + 25^2 + 29^2 - \text{Error!}$$
$$= 12^2 + 18^2 + \dots + 22^2 + 25^2 + 29^2 - \text{Error!}$$
$$= 9059 - \text{Error!}$$
$$= 9059 - 6661.25$$
$$= 239.75$$

গমের জাতজনিত বর্গ সমষ্টি (SSTr) =  $\sum_i \frac{y_i^2}{n_i} - \frac{(\sum \sum y_{ij})^2}{N}$

$$= \frac{82^2}{6} + \frac{99^2}{5} + \frac{66^2}{4} + \frac{118^2}{5} - 6661.85$$

$$= 1120.669 + 3860.2 + 2608.0 + 5378.80 - 6661.85$$

$$= 2958.669 - 6661.85$$

$$= -367.181$$

বিচ্ছ্যতির বর্গ সমষ্টি SSE = TSS - SSTr

$$= 9059.75 - 2958.669$$

$$= 6101.081$$

নাস্তি কল্পনা :  $H_0 : A = B = C = D$

অর্থাৎ সকল জাতের গমের প্রভাব সমান

ভেদাংক বিশ্লেষণ সারণী :

|     |                      |             |                 |   |                  |
|-----|----------------------|-------------|-----------------|---|------------------|
| উৎস | স্বাধীনতার<br>মাত্রা | বর্গ সমষ্টি | গড় বর্গ সমষ্টি | F | F <sub>.05</sub> |
|-----|----------------------|-------------|-----------------|---|------------------|

|                  |           |         |        |        |      |
|------------------|-----------|---------|--------|--------|------|
| বিভিন্ন জাতের গম | 8-1 = ৩   | ২৯৩.৪১৭ | ৯৭.৮০৬ | ১৪.৯৯৯ | ৩.২৪ |
| বিচ্যুতি         | ২০-৪ = ১৬ | ১০৪.৩৩৩ | ৬.৫২১  |        |      |
| মোট              | ২০-১ = ১৯ | ৩৯৭.৭৫  |        |        |      |

মন্তব্য : উপরের সারণীটি থেকে লক্ষ্য করা যাচ্ছে যে নির্ণেয় F = ১৪.৯৯৯। কিন্তু .০৫ যথার্থতার মাত্রায় এবং ৩ ও ১৬ স্বাধীনতার মাত্রায় F এর সারণীকৃত মান ৩.২৪। এখানে নির্ণেয় F এর মান সারণীকৃত F এর চেয়ে বেশী। অতএব নাস্তি কল্পনা বর্জন হচ্ছে অর্থাৎ গমের জাতের উৎপাদনের মধ্যে যথেষ্ট পার্থক্য আছে।

আবার গমের জাত A এবং B এর মধ্যে পার্থক্য যাচাই করতে হবে। এ ক্ষেত্রে যাচাই স্ট্যাটিস্টিক

$$t = \frac{(i - i')}{\sqrt{S^2 \left( \frac{1}{n_i} + \frac{1}{n_{i'}} \right)}}$$

মান বসিয়ে পাই

$$t =$$

$$= \text{Error!}$$

$$\frac{9.933}{1.547}$$

$$t = ৬.৪২১$$

$$\text{আবার } t_{\text{Error!}} = ২.৫$$

$$\text{অর্থাৎ } t > t_{\text{Error!}}$$

সুতরাং গমের জাত A এবং B এর উৎপাদনের মধ্যে পার্থক্য আছে।


নিজে করুন:

নিচের সারণী হতে প্রাপ্ত তথ্য সম্পূর্ণ দৈবায়িত পদ্ধতিতে বিশ্লেষণ করুন।

|  | A  | B   | C  | D   |
|--|----|-----|----|-----|
|  | ৫৫ | ৬১  | ৪২ | ১৬৯ |
|  | ৪৯ | ১১২ | ৯৭ | ১৩৭ |
|  | ৪২ | ৩০  | ৮১ | ১৬৯ |
|  | ২১ | ৮৯  | ৯৫ | ৮৫  |
|  | ৫২ | ৬৩  | ৯২ | ১৫৪ |

সারসংক্ষেপ :

সম্পূর্ণ দৈবায়িত নকশায় দৈবায়িতকরন ও পুনরায়ন নীতি অনুসরণ করা হয়।

 পাঠোত্তর মূল্যায়ন-১১.২:

নৈর্ব্যক্তিক প্রশ্ন:

সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দিন:

১। সম্পূর্ণ দৈবায়িত নকশা মূল নীতির কোনটি অনুসরণ করে না?

- ক) দৈবায়িতকরণ                      খ) পূণরায়ন  
গ) সমমাত্রিক নয়                      ঘ) কোনটিই নয়।

২। সম্পূর্ণ দৈবায়িত নকশায় পরীক্ষণের একক কেমন থাকে?

- ক) সমমাত্রিক ও সমগুণসম্পন্ন      খ) সমগুণসম্পন্ন নয়  
গ) সমমাত্রিক নয়                      ঘ) কোনটিই নয়

৩। সম্পূর্ণ দৈবায়িত নকশার ক্ষেত্রে F এর স্বধীনতার মাত্রা কত?

- ক)  $(t-1)$  ও  $(N-t)$                       খ)  $t$  ও  $N$   
গ)  $(t+1)$  ও  $(N+t)$                       ঘ) কোনটিই নয়

সত্য/মিথ্যা নির্ণয়ঃ

৪। সম্পূর্ণ দৈবায়িত নকশা যে কোন নকশার চেয়ে কঠিন

৫। সম্পূর্ণ দৈবায়িত নকশায় ব্যবহৃত পরীক্ষণের একক গুলি সমগুণ সম্পন্ন ও সমমাত্রিক হওয়া উচিত।

শূণ্যস্থান পূরণ :

৬। ----- ও ----- উপর নির্ভর করে সম্পূর্ণ দৈবায়িত পরীক্ষণের একক ঠিক রাখা হয়।

৭। সম্পূর্ণ দৈবায়িত নকশার ক্ষেত্রে বিচ্যুতির বর্গ সমষ্টি .....

বাক্য / শব্দ মিলানো

৮। চর্যাগুলো পরস্পর স্বাধীন ও এদের প্রভাবগুলো

$$T) t = \frac{(\bar{r} - \bar{r}')}{\sqrt{s^2 \left( \frac{1}{n_1} + \frac{1}{n_2} \right)}}$$

৯। যাচাই স্ট্যাটিস্টিক

খ) যোগ সূত্র মেনে চলে

### পাঠ-১১.৩ দৈবায়িত ব্লক নকশা (Randomised Block Design)

#### ভূমিকা:

যদি পরীক্ষনের এককগুলি অসমগুন সম্পন্ন হয় সে ক্ষেত্রে পরীক্ষনের এককগুলো সমমাত্রিক করে বিভিন্ন খন্ডে ভাগ করে দৈবায়িত নকশা তৈরি করা হয়।

এ পাঠে দৈবায়িত ব্লক নকশা সম্পর্কে আলোচনা করা হল:



## উদ্দেশ্য

এই পাঠ শেষে আপনি-

- দৈবায়িত ব্লক নকশার সংজ্ঞা বলতে পারবেন।
- দৈবায়িত ব্লক নকশার মডেল লিখতে পারবেন।
- দৈবায়িত ব্লক নকশা থেকে তথ্য সংগ্রহ করতে পারবেন।
- সংগৃহীত তথ্য বিশ্লেষণ করে মন্তব্য করতে পারবেন।



## দৈবায়িত ব্লক নকশা (Randomised Block Design)

পূর্বের পাঠে আমরা সম্পূর্ণ দৈবায়িত নকশা সম্পর্কে আলোচনা করেছি যেখানে পরীক্ষণের প্লটসমূহ সমমাত্রিক ও সমগুণসম্পন্ন হয়। কিন্তু বাস্তব ক্ষেত্রে সমগুণসম্পন্ন ও সমমাত্রিক পরীক্ষণের একক পাওয়া যায় না এবং এক্ষেত্রে সম্পূর্ণ দৈবায়িত নকশা ব্যবহার করা যায় না।

তবে সম্পূর্ণ পরীক্ষণের একক সমগুণসম্পন্ন ও সমমাত্রিক না হলেও এদের মধ্যে কিছু কিছু একক সমগুণসম্পন্ন ও সমমাত্রিক হতে পারে। সম্পূর্ণ দৈবায়িত নকশার ক্ষেত্রে সমমাত্রিক ও সমগুণসম্পন্ন এককসমূহকে একত্রে করে ব্লক বা দলে ভাগ করে নেয়া হয়। প্রতিটি ব্লকে চর্যার সমান সংখ্যক পরীক্ষণের একক থাকে এবং প্রতিটি চর্যার পূর্ণরায়নের সংখ্যা ব্লকের সংখ্যার সমান। একটি ব্লকের অন্তর্গত এককসমূহ সমমাত্রিক ও সমগুণসম্পন্ন হয় কিন্তু একটি ব্লকের পরীক্ষণের একক অন্য একটি ব্লকের একক থেকে সম্পূর্ণ আলাদা গুণসম্পন্ন হয়। ব্লকের অন্তর্গত প্লট বা এককসমূহের চর্যাগুলিকে দৈবায়িত উপায়ে প্রয়োগ করে যে নকশা পাওয়া যায় তাকে দৈবায়িত ব্লক নকশা বলে। এ নকশার পরীক্ষণের ৩টি নীতি যেমন- দৈবায়িতকরণ, পূর্ণরায়ন ও স্থানীয় নিয়ন্ত্রন অনুসরণ করে।

উদাহরণস্বরূপ ধরা যাক, কোন এক কৃষি পরীক্ষণে ৪ (চার) জাতের ধানের গুণাগুণ পরীক্ষা করতে হবে। ৪ জাতের ধানের সমতা যাচাই এর জন্য প্লট বা জমির খন্ড ঠিক করা হল এবং দেখা গেল যে সমস্ত প্লট সমমাত্রিক ও সমগুণসম্পন্ন নয়। এখানে ধানের জাত হল চর্যা অর্থাৎ ৪টি চর্যা আছে এবং এদের প্রত্যেকটিকে যদি ৫ বার পূর্ণরায়ন করা হয় তবে ব্লকের সংখ্যা হবে ৫টি। ৪টি করে সমগুণসম্পন্ন ও সমমাত্রিক প্লট নিয়ে প্রতিটি ব্লক তৈরী করতে বাধ্য হবে। প্রতিটি ব্লকে ভিন্ন ভিন্ন ভাবে চর্যাগুলিকে দৈবায়িত উপায়ে প্রয়োগ করতে হবে। পরীক্ষণের কাজ সমাধা করে তথ্য বা উপাত্ত সমূহকে নিম্নের সারণীর মাধ্যমে প্রকাশ করা যায়।

| ব্লক/চর্যা | t <sub>১</sub>  | t <sub>২</sub>  | t <sub>৩</sub>  | t <sub>৪</sub>  |
|------------|-----------------|-----------------|-----------------|-----------------|
| ব্লক-১     | y <sub>১১</sub> | y <sub>২১</sub> | y <sub>৩১</sub> | y <sub>৪১</sub> |
| ব্লক-২     | y <sub>১২</sub> | y <sub>২২</sub> | y <sub>৩২</sub> | y <sub>৪২</sub> |
| ব্লক-৩     | y <sub>১৩</sub> | y <sub>২৩</sub> | y <sub>৩৩</sub> | y <sub>৪৩</sub> |
| ব্লক-৪     | y <sub>১৪</sub> | y <sub>২৪</sub> | y <sub>৩৪</sub> | y <sub>৪৪</sub> |
| ব্লক-৫     | y <sub>১৫</sub> | y <sub>২৫</sub> |                 | y <sub>৪৫</sub> |

### উপাত্ত সমূহের ভেদাংক বিশ্লেষণঃ

মনে করি নকশার চর্যার সংখ্যা  $t$  এবং ব্লকের সংখ্যা  $b$ । অতএব, উপাত্ত সমূহকে নিম্নলিখিত মডেলের সাহায্যে বর্ণনা করা যায়।

$$y_{ij} = \mu + \alpha_i + \beta_j + e_{ij} \quad i = 1, 2, \dots, t, j = 1, 2, \dots, b$$

যেখানে  $y_{ij}$  =  $i$  তম চর্যার  $j$  তম ব্লকে উৎপাদন

$\mu$  = সাধারণ গড়

$\alpha_i$  =  $i$ -তম চর্যার প্রভাব

$\beta_j$  =  $j$  তম ব্লকের প্রভাব

$e_{ij}$  = দৈব ত্রুটি

মডেলটি বিশ্লেষণের জন্য অনুমান করতে হবে যে,  $e_{ij}$  নিরপেক্ষভাবে পরিমিত বিন্যাস অনুসরণ করে যার গড় শূন্য ও ভেদাংক  $\sigma^2$  এবং শর্ত হল  $\sum \alpha_i = 0, \sum \beta_j = 0$

এখন ন্যূনতম বর্গ পদ্ধতির সাহায্যে  $\mu, \alpha_i$  এবং  $\beta_j$  নিরূপণ করতে হবে যাতে করে বিচ্যুতির বর্গ সমষ্টির মান ন্যূনতম হয়। অর্থাৎ

$$L = SSE = \sum_i \sum_j e_{ij}^2 = \sum_i \sum_j \text{Error}^2 = \text{ন্যূনতম},$$

মনে করি,  $\mu, \alpha_i, \beta_j$  নিরূপিত মান।

$$\text{এখন } \frac{\partial L}{\partial \mu} = 0 \quad \frac{\partial L}{\partial \alpha_i} = 0 \quad \frac{\partial L}{\partial \beta_j} = 0 \quad \text{অনুসরণ করে যথাক্রমে নিম্নের তিনটি পরামান পাওয়া যাবে,}$$

অর্থাৎ  $\mu, \alpha_i$  এবং  $\beta_j$  এর নিরূপিত মান হবে

$$\mu = \bar{y}_{..}, \alpha_i = \bar{y}_{i.} - \bar{y}_{..}, \beta_j = \bar{y}_{.j} - \bar{y}_{..}$$

অতএব সমগ্র বর্গসমষ্টিকে নিম্নলিখিতভাবে ভাগ করা যায়।

$$\sum_i \sum_j (y_{ij} - \bar{y}_{..})^2 = \left\{ \sum_i (\bar{y}_{i.} - \bar{y}_{..})^2 + \sum_j (\bar{y}_{.j} - \bar{y}_{..})^2 + \sum_i \sum_j (y_{ij} - \bar{y}_{i.} - \bar{y}_{.j} + \bar{y}_{..})^2 \right\}$$

$$= b \sum_i (\bar{y}_{i.} - \bar{y}_{..})^2 + t \sum_j (\bar{y}_{.j} - \bar{y}_{..})^2 + \sum_i \sum_j (y_{ij} - \bar{y}_{i.} - \bar{y}_{.j} + \bar{y}_{..})^2$$

অন্যান্য পদগুলি শূন্য হবে কারণ  $\sum_i (\bar{y}_{i.} - \bar{y}_{..}) = 0, \sum_j (\bar{y}_{.j} - \bar{y}_{..}) = 0,$

অতএব, সমগ্র বর্গ সমষ্টি = চর্যাজনিত বর্গ সমষ্টি + ব্লকজনিত বর্গসমষ্টি + বিচ্যুতির বর্গসমষ্টি অর্থাৎ  $TSS = SSTr + SSB + SSE$

প্রত্যেকটি বর্গসমষ্টি নির্ণয়ের জন্য নিম্নলিখিত সূত্র ব্যবহার করা যায়

$$TSS = \sum_i \sum_j y_{ij}^2 - \frac{(\sum_i \sum_j y_{ij})^2}{N}$$

$$SSTr = \hat{b} \sum_i y_i^2 - \frac{(\sum_i \sum_j y_{ij})^2}{N}$$

$$SSB = \hat{t} \sum_j y_j^2 - \frac{(\sum_i \sum_j y_{ij})^2}{N}$$

$$SSE = TSS - SSTr - SSB.$$

নাস্তি কল্পনা :

$$(i) H_{01}: \alpha_1 = \alpha_2 = \dots = \alpha_j$$

(ii)  $H_{02}: \beta_1 = \beta_2 = \dots = \beta_j$

অর্থাৎ সকল ব্লকের প্রভাব সমান।

উপরিলিখিত কল্পনা এর জন্য ভেদাংক বিশ্লেষণ সারণী নিম্নে দেয়া হলঃ

**ভেদাংক বিশ্লেষণ সারণী**

| উৎস      | স্বাধীনতার মাত্রা | বর্গসমষ্টি | গড় বর্গসমষ্টি        | F                       |
|----------|-------------------|------------|-----------------------|-------------------------|
| চর্যা    | t-১               | SSTr       | $s_1 = \text{Error!}$ | $F_1 = \frac{s_1}{s^2}$ |
| ব্লক     | b-১               | SSB        | $s_2 = \text{Error!}$ | $F_2 = \frac{s_2}{s^2}$ |
| বিচ্যুতি | (t-১)(b-১)        | SSE        | $s_3 = \text{Error!}$ |                         |
| মোট      | N-১               | TSS        |                       |                         |

যদি  $F_1$  এর মান (t-১) ও (t-১)(b-১) স্বাধীনতার মাত্রায় এবং ০.০১ যথার্থতা মাত্রায় সারণীকৃত F এর চেয়ে বড় হয় তবে নাস্তিকল্পনা (i) বাতিল হবে অন্যথায় গৃহিত হবে।

আবার যদি  $F_2 > F_{0.05, (b-1), (t-1)(b-1)}$  তবে নাস্তিকল্পনা (ii) বাতিল হবে।

যদি নাস্তিকল্পনা বাতিল হয় তবে ধরে নিতে হবে যে কমপক্ষে যে কোন দুটি চর্যার মধ্যে পার্থক্য আছে। এটা যাচাই করার জন্য t-যাচাই ষ্টাটিস্টিক ব্যবহার করতে হবে।

অর্থাৎ নাস্তিকল্পনা  $H_{03}: \alpha_i = \alpha_{i'}$ , যাচাই এর জন্য

$$t = \frac{\bar{y}_i - \bar{y}_{i'}}{\sqrt{\frac{2s_3}{b}}}$$

এটি (t-১)(b-১) স্বাধীনতার মাত্রা বিশিষ্ট t-চলক। এখানে  $\alpha_i$  এবং  $\alpha_{i'}$ , যথাক্রমে i এবং i'-তম চর্যার গড় এবং  $s_3$  হলো বিচ্যুতির গড় বর্গসমষ্টি।

**সমস্যা-২ :**

৫ জাতের ধানের বীজের গুণাগুণ পরীক্ষার জন্য একটি কৃষি ক্ষেত্রকে ৪টি ব্লকে ভাগ করে ধানের চাষ করা হয়েছে। বিভিন্ন ব্লকের বিভিন্ন জাতের ধানের উৎপাদন নিম্নে দেয়া হল। বিভিন্ন জাতের ধানের উৎপাদনের পার্থক্য আছে কিনা যাচাই করুন।

|      |           |
|------|-----------|
| ব্লক | ধানের জাত |
|------|-----------|



|                | p <sub>১</sub> | p <sub>২</sub> | p <sub>৩</sub> | p <sub>৪</sub> | p <sub>৫</sub> |
|----------------|----------------|----------------|----------------|----------------|----------------|
| b <sub>১</sub> | ২৩             | ২০             | ২৯             | ১৫             | ১৭             |
| b <sub>২</sub> | ২৬             | ২৭             | ২৩             | ১৪             | ১৮             |
| b <sub>৩</sub> | ৩৫             | ৩৮             | ৩৭             | ১৮             | ১৭             |
| b <sub>৪</sub> | ২৬             | ৩০             | ৩৫             | ১৬             | ১৯             |

ধানের জাত এবং এর উৎপাদনের পার্থক্য আছে কিনা যাচাই করুন।

সমাধান :

নাস্তি কল্পনা :

$$H_{01} : p_1 = \dots = p_5$$

$$H_{02} : b_1 = b_2 = \dots = b_4$$

বিভিন্ন বর্গ সমষ্টি নির্ণয়ের জন্য উপরের উপাত্তসমূহকে নিম্নলিখিত ভাবে সাজানো হল।

| ব্লক                         |                |                |                |                |                | y <sub>.j</sub>    | y <sub>.j</sub> <sup>2</sup> |
|------------------------------|----------------|----------------|----------------|----------------|----------------|--------------------|------------------------------|
|                              | p <sub>১</sub> | p <sub>২</sub> | p <sub>৩</sub> | p <sub>৪</sub> | p <sub>৫</sub> |                    |                              |
| b <sub>১</sub>               | ২৩             | ২০             | ২৯             | ১৫             | ১৭             | ১০৪                | ১০৮১৬                        |
| b <sub>২</sub>               | ২৬             | ২৭             | ২৩             | ১৪             | ১৮             | ১০৮                | ১১৬৬৪                        |
| b <sub>৩</sub>               | ৩৫             | ৩৮             | ৩৭             | ১৮             | ১৭             | ১৪৫                | ২১০২৫                        |
| b <sub>৪</sub>               | ২৬             | ৩০             | ৩৫             | ১৬             | ১৯             | ১২৬                | ১৫৮৭৬                        |
| y <sub>i.</sub>              | ১১০            | ১১৫            | ১২৪            | ৬৩             | ৭১             | ৪৮৩ =              |                              |
|                              |                |                |                |                |                | $\sum \sum y_{ij}$ |                              |
| y <sub>i.</sub> <sup>2</sup> | ১২১০০          | ১৩২২৫          | ১৫৩৭৬          | ৩৯৬৯           | ৫০৪১           |                    |                              |
| গড়                          | ২৭.৫           | ২৮.৭৫          | ৩১.০           | ১৫.৭৫          | ১৭.৭৫          |                    |                              |

$$\text{এখন সর্বমোট বর্গ সমষ্টি (TSS)} = \sum_i \sum_j y_{ij}^2 - \frac{(\sum_i \sum_j y_{ij})^2}{20}$$

$$= ২৩^2 + ২৬^2 + \dots + ১৭^2 + ১৯^2 - \text{Error!}$$

এইচ এস সি

$$= 12809 - 11668.85$$

$$= 1182.55$$

$$\text{চর্যাজনিত বর্গ সমষ্টি (SST}_r) = \frac{\sum y_i^2}{4} - \text{Error!}$$

$$= \frac{12100 + 13225 + 15376 + 3969 + 5041}{4} - 11668.85$$

$$= 12829.95 - 11668.85$$

$$= 963.30$$

$$\therefore \text{ব্লক জনিত বর্গ সমষ্টি (SSB)} = \frac{\sum_j y_{.j}^2}{5} - \frac{(\sum_i \sum_j y_{ij})^2}{20}$$

$$\frac{10816 + 11664 + 21025 + 15876}{5} - \text{Error!} = 211.95$$

$$\text{SSE} = 1182.55 - 963.30 - 211.95$$

$$= 169.5$$

ভেদাংক বিশ্লেষণ সারণী

| উৎস      | স্বাধীনতার মাত্রা | বর্গ সমষ্টি | গড় বর্গ সমষ্টি | F                      | F <sub>.05</sub> |
|----------|-------------------|-------------|-----------------|------------------------|------------------|
| চর্যা    | ৫-১ = ৪           | ৯৬৩.৩০      | ১৯০.৮২৫         | F <sub>1</sub> = ১৩.৬৭ | ৩.২৬             |
| ব্লক     | ৪-১ = ৩           | ২১১.৯৫      | ৭০.৬৫৩          | F <sub>2</sub> = ৫.০৫৭ | ৩.৪৯             |
| বিচ্যুতি | ৪×৩               | ১৬৭.৫০      | ১৩.৯৫৮          |                        |                  |
| মোট      | ১৯                | ১১৪২.৫৫     |                 |                        |                  |

উপরের সারণী থেকে লক্ষ্য করা যাচ্ছে যে,

$$F_1 > \text{FError!}$$

$$F_2 > \text{FError!}$$

অর্থাৎ ধানের বীজের উৎপাদনের পার্থক্য আছে এবং ব্লকের মধ্যেও পার্থক্য আছে।

এখন P<sub>4</sub> এবং P<sub>5</sub> এর মধ্যে পার্থক্য যাচাই এর জন্য যাচাই ষ্ট্যাটিস্টিক

$$t = \frac{15.75 - 17.75}{\sqrt{\frac{2 \times 13.958}{4}}}$$

$$= \frac{2}{2.64}$$

$$= 0.758$$

১২ স্বাধীনতার মাত্রায় এবং .০৫ যথার্থতা মাত্রায় t এর সারণীকৃত মান ২.২৬।

সুতরাং এক্ষেত্রে P<sub>4</sub> এবং P<sub>5</sub> ধানের জাতের উর্বরপাদনের মধ্যে কোন পার্থক্য নেই।

নিজে করুন: নিম্নে চারটি দৈবায়িত ব্লকে ৬টি ট্রিটমেন্ট নিয়ে গঠিত একটি পর্যবেক্ষণের ফলাফল দেওয়া হল।  
দৈবায়িত ব্লক নকশার মাধ্যমে বিশ্লেষণ করুন

| ব্লক | ট্রিটমেন্ট |      |      |      |      |      |
|------|------------|------|------|------|------|------|
| ১    | (১)        | (৩)  | (২)  | (৪)  | (৫)  | (৬)  |
|      | ২৪.৭       | ২৭.৭ | ২০.৬ | ১৬.২ | ১৬.২ | ২৪.৯ |
| ২    | (৩)        | (২)  | (১)  | (৪)  | (৬)  | (৫)  |
|      | ২২.৭       | ২৮.৮ | ২৭.৩ | ১৫.০ | ২২.৫ | ১৭.০ |
| ৩    | (৬)        | (৪)  | (১)  | (৩)  | (২)  | (৫)  |
|      | ২৬.৩       | ১৯.৬ | ২৮.৫ | ৩৬.৮ | ৩৯.৫ | ১৫.৪ |
| ৪    | (৫)        | (২)  | (১)  | (৪)  | (৩)  | (৬)  |
|      | ১৭.৭       | ৩১.০ | ২৮.৫ | ১৪.১ | ৩৪.৯ | ২২.৬ |

সারসংক্ষেপ :

দৈবায়িত ব্লক নকশার ক্ষেত্রে সমমাত্রিক ও সমগুণ সম্পন্ন একক সমূহকে একত্র করে ব্লক বা দলে ভাগ করা হয়।



পাঠোত্তর মূল্যায়ন ১১.৩ :

নৈর্ব্যক্তিক প্রশ্ন:

সঠিক উত্তরের পাশে টিক চিহ্ন ( ) দিন:

১। দৈবায়িত ব্লক নকশা কয়টি নীতি অনুসরণ করে?

ক) ২টি খ) ৩টি গ) ১টি ঘ) কোনটিই নয়।

২। দৈবায়িত ব্লক নকশার ক্ষেত্রে কোনটি সঠিক?

ক) চর্যার পুনরায়নের সংখ্যা = ব্লকের সংখ্যা।

খ) চর্যার পুনরায়নের সংখ্যা < ব্লকের সংখ্যা ।

গ) চর্যার পুনরায়নের সংখ্যা < ব্লকের সংখ্যা ।

৩। দৈবায়িত ব্লক নকশার মডেল কোনটি?

ক)  $y_{ij} = \mu + \alpha_i + e_{ij}$

খ)  $y_{ij} = \mu + \alpha_i + \beta_j + e_{ij}$

গ)  $y_{ij} = \mu + \alpha_i + \beta_j$

ঘ) কোনটিই নয় ।

সত্য/মিথ্যা নির্ণয় :

৪। দৈবায়িত ব্লক নকশা, দৈবায়িত করন, পুনরায়ন ও স্থানীয় নিয়ন্ত্রন নীতি অনুসরন করে ।

গুণ্যস্থান পূরণ :

৫। প্রতি ব্লকে চর্যার সমান সংখ্যক ----- থাকে ।

৬। প্রতি চর্যার পুনরায়নের সংখ্যা ----- সমান

বাক্য মিলানো :

|                                                         |                                    |
|---------------------------------------------------------|------------------------------------|
| ৭। $\sum \alpha_i$ এর মান                               | ক) গড় গুণ্য এবং ভেদাংক $\sigma^2$ |
| ৮। $e_{ij}$ নিরপেক্ষ ভাবে পরিমিত বিন্যাস অনুসরন করে যার | খ) গুণ্য ।                         |

## পাঠ-১১.৪ লাতিন বর্গ নকশা (Latin Square Design)

### ভূমিকা:

পরিসংখ্যানিক বিশ্লেষণে সময় ও খরচসহ বিভিন্ন দিকের লক্ষ্য রাখা হয়। যে সমস্ত পরীক্ষণে সারি ও কলামের ব্যবহার করার সুযোগ রয়েছে, সে সব ক্ষেত্রে লাতিন বর্গ নকশা ব্যবহার করে বিশ্লেষণ করা হয়। এ পাঠে লাতিন বর্গ নকশা সম্পর্কে আলোচনা করা হল।



### উদ্দেশ্য

এই পাঠ শেষে আপনি-

- লাতিন বর্গ নকশা কি তা বলতে পারবেন।
- লাতিন বর্গ নকশার মডেল লিখতে পারবেন।
- লাতিন বর্গ নকশা থেকে প্রাপ্ত তথ্য সমূহ কিভাবে বিশ্লেষণ করতে হয় জানতে পারবেন।
- বিভিন্ন প্রভাবের পার্থক্য যাচাই করতে পারবেন।



### লাতিন বর্গ নকশা (Latin Square Design)

